

Times Today BD

জিএম সিরাজ | রংপুর | 16 April, 2025

কুড়িগ্রামে জাতীয় পার্টি ও দলের অঙ্গসংগঠনের প্রায় অর্ধশত নেতাকর্মী ও সমর্থক দল থেকে পদত্যাগের ঘোষণা দিয়েছেন। বুধবার (১৬ এপ্রিল) দুপুরে কুড়িগ্রাম প্রেসক্লাবের সৈয়দ শামসুল হক মিলনায়তনে সংবাদ সম্মেলন করে পদত্যাগের ঘোষণা দেন তারা।

সংবাদ সম্মেলনে জাতীয় যুব সংহতি কুড়িগ্রাম জেলা শাখার সাবেক আহ্বায়ক রাজু আহমেদ রাজ্জাক লিখিত বক্তব্য পাঠ করেন। এ সময় বক্তব্যে তিনি বলেন, সাংগঠনিক দায়িত্বে থাকা অবস্থায় ভালো-মন্দ মিলে দীর্ঘ সময় পার করেছি। অনেকের জন্য ভালো কিছু করতে পেরেছি। আবার অনেকের মন জয় করতে পারিনি। এজন্য আমি সবার কাছে আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি।

বলেন, গত ৫ আগস্ট ছাত্র জনতার গণঅভ্যুত্থানের পর প্রেক্ষাপট পরিবর্তন হয়েছে। কিন্তু বিগত কিছুদিন থেকে লক্ষ্য করছি দলটির সাংগঠনিক ব্যবস্থা এবং জনগণের সাথে সম্পৃক্ততা কমে গেছে। তারই ফলশ্রুতিতে কারো কথায় প্ররোচিত না হয়ে আমরা জাতীয় পার্টির অঙ্গ ও সহযোগী সংগঠনের কিছু নেতৃত্বদ সমর্থকসহ পূর্বের সকল পদ পদবী থেকে অব্যাহতি প্রদান করলাম।

সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, জাতীয় যুব সংহতি কুড়িগ্রাম জেলা শাখার সদস্য সচিব জালাল উদ্দিন, মোগলবাসা ইউনিয়ন জাতীয় পার্টির সভাপতি ইয়াকুব আলী আইয়ুব, ফুলবাড়ী উপজেলা জাতীয় যুব সংহতির সাধারণ সম্পাদক বাবুল শেখ প্রমুখ।

জাতীয় পার্টি পদত্যাগ কুড়িগ্রাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:19

URL: <https://www.timestodaybd.com/public/rangpur/775807940>